



Beats of My Heart

নগদ ও বোনাস শেয়ার পেলেন লাভেলোর বিনিয়োগকারীরা ।

পুঁজিবাজারের তালিকাভুক্ত খাদ্য ও আনুষঙ্গিক খ্যাতির কোম্পানি লাভেলো ব্র্যান্ডের আইসক্রিম বাজারজাতকারী প্রতিষ্ঠান তাওফিকা ফুডস এন্ড লাভেলো আইসক্রিম পিএলসি ডিএসইর নিকট ডিভিডেন্ট কমপ্লায়েন্স রিপোর্ট জমা দিয়েছে সময় সীমার মধ্যেই ।

ডিএসই সূত্রে জানা গেছে গত ৩০ শে জুন ২০২৪ সমাপ্ত অর্থবছরের জন্য তাওফিকা ফুডস এন্ড লাভেলো আইসক্রিম পিএলসি বিনিয়োগকারীদের জন্য ১০ শতাংশ স্টক ও ১০ শতাংশ নগদ লভ্যাংশ ঘোষণা করেছিল, যা কোম্পানির বার্ষিক সাধারণ সভায় (এজিএম) ৩০ শে ডিসেম্বর ২০২৪ শেয়ার হোল্ডারদের সম্মতিক্রমে অনুমোদিত হয় । এরই ধারাবাহিকতায় ঘোষিত স্টক লভ্যাংশ ৬ জানুয়ারি ২০২৫ তারিখে বিনিয়োগকারীদের বিও হিসাবে জমা হয় ও নগদ লভ্যাংশ সংশ্লিষ্ট বিনিয়োগকারীদের ব্যাংক হিসেবে নির্দিষ্ট সময়সীমার মধ্যেই পাঠানো হয়েছে ।

উল্লেখ্য তাওফিকা ফুডস এন্ড লাভেলো আইসক্রিম পিএলসি ২০২০-২১ সালে বিনিয়োগকারীদের জন্য ১১ শতাংশ নগদ ২০২১-২২ সালে ১২ শতাংশ নগদ ২০২২-২৩ সালে ১০ শতাংশ নগদ ও সর্বশেষ ২০২৩-২৪ সালে ১০ শতাংশ নগদ ও ১০ শতাংশ স্টক লভ্যাংশ দিয়েছে ।

কোম্পানিটি তালিকাভুক্ত হওয়ার পর থেকেই A ক্যাটাগরিতে লেনদেন করছে ।